

২০১৭

বাংলা

(সাম্মানিক)

সপ্তম পত্র

পূর্ণমান : ১০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

(নূতন পাঠক্রম)

বিভাগ—ক

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

১২ × ৪

(ক) 'সাহিত্যের বিচারক' প্রবন্ধ অবলম্বনে সাহিত্য সমালোচনা ও সমালোচকের আদর্শ সম্বন্ধে রবীন্দ্রনাথের অভিমত কীভাবে প্রকাশিত হয়েছে, তা বুঝিয়ে দাও ।

- (ব) 'কাব্যং গ্রাহ্যম্ অলঙ্কারাৎ' — এই মতবাদের পক্ষে ও বিপক্ষে যুক্তিগুলি দৃষ্টান্তসহ বিচার করো ।
- (গ) 'সৌন্দর্যের সন্ধান' প্রবন্ধ অবলম্বনে অবনীন্দ্রনাথ ঠাকুরের সৌন্দর্য-দর্শনের পরিচয় দাও ।
- (ঘ) আধুনিক সাহিত্য আন্দোলনে ফেমিনিজম-এর গুরুত্ব কতখানি — সে বিষয়ে আলোচনা করো ।
- (ঙ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'ঐতিহাসিক উপন্যাস' প্রবন্ধে ইতিহাস ও উপন্যাসের সম্পর্ক ও সীমাবদ্ধতা বিষয়ে যে যুক্তিপূর্ণ বিশ্লেষণ আছে তার পরিচয় দাও ।
- (চ) 'ধ্বনিরাস্মা কাব্যস্য'-কাব্য-বিচারের ক্ষেত্রে এই মতটির গ্রহণযোগ্যতা বিষয়ে মতামত দাও ।
- (ছ) সিন্থলিজম-এর তাত্ত্বিক ও প্রয়োগিক দিকটির সংক্ষিপ্ত আলোচনা করো ।

বিভাগ — খ

২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৪ × ৩

- (ক) 'সাহিত্যের প্রধান অবলম্বন জ্ঞানের বিষয় নহে, ভাবের বিষয় ।' কোন্ প্রবন্ধে কার এই উক্তি ? মন্তব্যটি বিচার করো ।

১ + ৩

- (খ) 'সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ ।' - কার লেখা কোন প্রবন্ধ থেকে উদ্ধৃত ? 'সৌন্দর্য' ও 'মঙ্গল' সম্পর্কে প্রাবন্ধিকের বক্তব্যটি সংক্ষেপে স্পষ্ট করো । ১ + ৩
- (গ) টীকা লেখো : বিভাব ও অনুভাব । ২ + ২
- (ঘ) আচার্য ভরতের 'নাট্যশাস্ত্র' গ্রন্থে ক'টি রসের উল্লেখ আছে ? স্থায়ীভাবসহ সেই রসগুলির নাম লেখো । ১ + ৩
- (ঙ) 'ন্যারেটোলজি'র যে কোনো দু-জন তাত্ত্বিকের নাম লেখো । সাহিত্যের বিচার-বিশ্লেষণে এই তত্ত্ব প্রধানত কোন্ কোন্ দৃষ্টিকোণের ওপর গুরুত্ব দিতে চায় — তা সংক্ষেপে লেখো । ১ + ৩
- (চ) 'সুররিয়ালিজম'-এর উদ্ভব কোন দেশে ? বাংলা সাহিত্যে এই তত্ত্বের প্রয়োগ কীভাবে ঘটেছে একটি দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও । ১ + ৩
- (ছ) 'শিল্প ও ভাষা' — প্রবন্ধে অবনীন্দ্রনাথ ঠাকুরের মূল বক্তব্যটি সংক্ষেপে লেখো । ৪
- (জ) শিল্পীর দৃষ্টি শিল্পসৃষ্টিতে কীভাবে কার্যকরী ভূমিকা পালন করে, অবনীন্দ্রনাথ ঠাকুরের 'দৃষ্টি ও সৃষ্টি' প্রবন্ধ অবলম্বনে তার সংক্ষিপ্ত পরিচয় দাও । ৪

বিভাগ—গ

৩। প্রবন্ধ লেখো (যে কোনো একটি) :

৩০ × ১

(ক) মধ্যযুগের সাহিত্যে জীবিকা-বৈচিত্র্য

(খ) প্রাবন্ধিক রবীন্দ্রনাথ ঠাকুর

(গ) বাংলার গণনাট্য ও নবনাট্য আন্দোলন

(ঘ) মহাশ্বেতা দেবীর সাহিত্য সৃষ্টি

(ঙ) কবি সমর সেন

(চ) সাম্প্রতিক কালের বাংলা কবিতায় নিসর্গ ও প্রেম

(ছ) লিট্‌ল্‌ ম্যাগাজিন ও বাংলা সাহিত্য ।